



দুর্নীতি দমন কমিশন

ঢাকা, বাংলাদেশ

“সবাই মিলে গড়ব দেশ,
দুর্নীতি মুক্ত বাংলাদেশ”

স্মারক নং- দুদক/প্রতিরোধ/শ্রেষ্ঠ/০১/২০১৯-৪৭৫৪(১০৮)

তারিখ: ৩০/০১/২০২০ খ্রিঃ

বিষয় : শ্রেষ্ঠ মহানগর, জেলা ও উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি নির্বাচন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দুর্নীতি দমন কমিশন দুর্নীতি প্রতিরোধ ও গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে দেশব্যাপি বিভিন্ন কর্মকান্ড পরিচালনা করে আসছে। উক্ত কার্যক্রমে সহযোগিতার জন্য দুর্নীতি দমন কমিশনের সার্বিক তত্ত্বাবধানে ঢাকার ০৮ টি আঞ্চলিক মহানগর, চট্টগ্রামে ০১ টি মহানগর, বাংলাদেশের অন্যান্য সকল জেলা ও উপজেলায় দুর্নীতি প্রতিরোধ কমিটি গঠন করা হয়েছে এবং এসব কমিটি দুর্নীতি প্রতিরোধ ও গণসচেতনতা সৃষ্টিতে উল্লেখযোগ্য ভূমিকা রাখছে।


২। কমিশন দুর্নীতি প্রতিরোধ কার্যক্রমকে আরো বেগবান করার লক্ষ্যে পূর্বের বছরের ন্যায় চলতি বছরেও দুর্নীতি প্রতিরোধ কার্যক্রমে অসামান্য অবদানের স্বীকৃতিস্বরূপ বিভাগ ভিত্তিক মহানগর, জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি ও উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির মধ্য থেকে “শ্রেষ্ঠ মহানগর ও জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি-২০১৯” এবং “শ্রেষ্ঠ উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি-২০১৯” নির্বাচনের সিদ্ধান্ত গ্রহণ করেছে। বর্ণিত শ্রেষ্ঠ প্রতিরোধ কমিটিসমূহ নির্বাচনের জন্য কমিশন কর্তৃক নিম্নরূপ বাছাই কমিটি গঠন করা হয়েছে :

- (ক) বিভাগীয় কমিশনার- আহবায়ক
- (খ) বিভাগীয় পরিচালক- সদস্য সচিব
- (গ) সজেকার উপপরিচালক- সদস্য
- (ঘ) জেলার জেলা শিক্ষা অফিসার/সচেতন নাগরিক কমিটি (সনাক) এর প্রতিনিধি/টি.আই.বি- এর জেলা প্রতিনিধি- সদস্য (বিভাগীয় কমিশনার মহোদয়ের মনোনীত একজন)

৩। বাছাই কমিটি প্রতি বিভাগ থেকে প্রতি ক্যাটাগরিতে শ্রেষ্ঠ প্রতিরোধ কমিটি নির্বাচন এবং ১ম, ২য় ও ৩য় স্থান নির্ধারণপূর্বক তালিক প্রেরণ করবেন।

সংযুক্ত: বর্ণনামতে- নীতিমালা- ০২ (দুই) পাতা।

বিভাগীয় কমিশনার
ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা,
বরিশাল, সিলেট, রংপুর, ময়মনসিংহ।


(এ কে এম সোহেল)

মহাপরিচালক (প্রতিরোধ)

ফোন: ৯৩৫৮৯৫১

E-mail: dg.prevention@acc.org.bd

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :-

১. পরিচালক (প্রতিরোধ ও গণসচেতনতা-২), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
২. পরিচালক, দুর্নীতি দমন কমিশন, বিভাগীয় কার্যালয়, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট, রংপুর, ময়মনসিংহ।
৩. সিস্টেম এনালিস্ট (আইসিটি), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
৪. জনসংযোগ কর্মকর্তা, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (দৈনিক জাতীয় পত্রিকায় বহুল প্রচারের অনুরোধসহ)।
৫. উপপরিচালক(সকল), দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়,।
৬. চেয়ারম্যানের একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (মাননীয় চেয়ারম্যান মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।
৭. কমিশনার অনুসন্ধান/তদন্ত- এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (মাননীয় কমিশনার অনুসন্ধান/তদন্ত মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।
৮. সচিব- এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (সচিব মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।
৯. উপপরিচালক/জেলা শিক্ষা অফিসার (সকল),.....।
১০. অফিস কপি।